• ভাষা কাকে বলে ? Idiolect বা উপভাষা কাকে বলে ? বাংলাভাষার উপভাষা কী কী ? তাদের বৈশিষ্ট্য লেখো।

• <u>ভাষা</u> : মানুষের উচ্চারিত, অর্থবহ বহুজন বোধ্য ধ্বনি সমষ্টিই হল ভাষা। বক্তার ইঙ্গিত ও অঙ্গভঙ্গি বক্তব্যকে সহজবোধ্য করতে সাহায্য করে। ইঙ্গিতকে ভাষার পরিপূরক বলা হয়।

ভাষা কতগুলো অর্থবহ ধ্বনিসমষ্টির লিপিবদ্ধ রূপ যার সাহায্যে একটি বিশেষ সমাজের লোকেরা নিজেদের মধ্যে ভাববিনিময় করে। সেই ভাষা যে সমাজের লোকেরা ব্যবহার করে তাদের একই ভাষা সম্প্রদায় বা Speach Community বলে। ব্লুমফিল্ড বলেছেন 'A group of people who use the same System of speach signals is a speach community.'

• নিভাষা : কোনো ব্যক্তি বিশেষের বা পরিবেশ বিশেষের নিজস্ব ব্যবহার্য ভাষা ছাঁদে ধ্বনিগত ও শব্দগত কিছু বৈশিষ্ট্য দেখা যায় একে 'নিভাষা' বলেছেন 'সুকুমার সেন'। শব্দটি 'নিজভাষা' > নিভাষা হয়েছে।

• মূল আদর্শ ভাষা : ( Standard Colloquial Bengali SCB )

মূলভাষার একটি অংশকে বলছি SCB। মূলভাষা হচ্ছে কেন্দ্র, বাংলার ক্ষেত্রে কেন্দ্র

Page

কলকাতা ও ভাগীরথী তীরবর্তী হুগলী, হাওড়া অঞ্চল, সময়ের পরিবর্তনে SCB ও পরিবর্তিত হতে পারে।

- উপভাষা :- একটু ভাষার মধ্যে আঞ্চলিক পৃথক রূপকে উপভাষা বলে।

এর সঙ্গে আদর্শ ভাষার বা সাহিত্যিক ভাষার literary language এর ধ্বনিতাত্ত্বিক, রূপগত ও বাক্যরীতিগত প্রভেদ আছে। এই পার্থক্য এমন সুস্পষ্ট যে এইসব বিশেষ বিশেষ অঞ্চলের রূপগুলিকে স্বতন্ত্র বলে চিনা যায়, অথচ পার্থক্যটা যেন এত বেশি না হয় যাতে আঞ্চলিক রূপগুলিই এক একটি সম্পূর্ণ পৃথক ভাষা হয়ে ওঠে।

- ভাষা ও উপভাষার মধ্যে পার্থক্য :

ভাষা ও উপভাষার পার্থক্য আপেক্ষিক, শ্রেণিগত নয় মাত্রাগত। একই ভাষার মধ্যে আঞ্চলিক পৃথক রূপকে উপভাষা বলে। কিন্তু আঞ্চলিক প্রভেদ খুব বেশি হলে পৃথক স্বতন্ত্র ভাষার মর্যাদা পায় যেমন বাংলা ও অসমিয়া ভাষা, সংস্কৃতির দিক থেকে পার্থক্যও দুটি ভাষাকে পৃথক ভাষারূপ দিয়ে থাকে। পূ. বাংলা ও প. বাংলার সংস্কৃতি মূলত বাঙালী সংস্কৃতি তাই তারা একটু ভাষার দুটি উপভাষা। ইংরেজি ভাষার দুটি প্রধানরূপ ব্রিটিশ ও আমেরিকান, ব্রিটিশ ইংরেজিও সর্বত্র এক নয় তারও দুটি প্রধান উপভাষাগত রূপ Northern English ও Southern English.

**বিভাষা** : এক একটি উপভাষার মধ্যেও আবার নানা আঞ্চলিক প্রভেদের কারণে বিভাষা বা Subdialect গড়ে ওঠে। মূলত: বাংলায় রাঢ়ী ও বঙ্গালী উপভাষার বিস্তার খুব বেশি বলে এ দুয়ের একাধিক বিভাষা দেখা যায়।

